গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৪১.০০৫.০০.০০.০০৭.২০১৫-১৬৮ তারিখঃ ১৩.০৮.২০১৫ খ্রিঃ।

মনিটরিং সেল গঠন সংক্রান্ত আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সরকারি হাসপাতাল/স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/মেডিকেল কলেজ ও হাসপাতালের স্বাস্থ্যসেবা প্রদান ও ব্যবস্থাপনাগত বিষয়ে সার্বিক কার্যক্রম মনিটরিং এর লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বেয়ে একটি মনিটরিং সেল পুর্নগঠন করা হল:

সেল গঠন:

১.	জনাব বাসুদেব গাংগুলী, অতিরিক্ত সচিব (প্রশাসন)	আহবায়ক
২.	জনাব গৌতম আইচ সরকার, যুগ্মসচিব (নার্সিং)	সদস্য
৩.	জনাবা জাকিয়া সুলতানা, যুগ্মসচিব (হাসপাতাল-১)	সদস্য
৪.	জনাব আব্দুল গাফ্ফার খান, যুগ্ম সচিব (পরিবার কল্যাণ-১)	সদস্য
৫.	জনাব মইনউদ্দিন আহমদ, উপসচিব (পার-১)	সদস্য
৬.	জনাব একেএম ফজলুল হক, উপ সচিব (পার-২)	সদস্য
৭.	ড: মো: এনামুল হক, উপ সচিব (প্রবা-৩)	সদস্য
৮.	জনাব মনোজ কুমার রায়, উপ সচিব (প্রশাসন-৩)	সদস্য
৯.	জনাব আল মামুন মুর্শেদ, উপ সচিব (হাসপাতাল-২)	সদস্য
১০.	জনাব মো: হাফিজুর রহমান চৌধুরী, উপসচিব (প্রশাসন-১)	সদস্য
১১.	জনাব হাসান মাহমুদ, সিনিয়র সহকারি সচিব (প্রবা-১) অধিশাখা	সদস্য
১২.	জনাব মো: রেজাউল আলম, সিনিয়র সহকারি সচিব (প্রশাসন-২)	সদস্য
১৩.	জনাব মো: লুৎফর রহমান, সিনিয়র সহকারি সচিব (নাসিং)	সদস্য
১৪.	জনাব এস এম জাহাঙ্গীর আলম, সিনিয়র সহকারি সচিব (হাস:-৩)	সদস্য
১৫.	জনাবা শিরিন আখতার, সিনিয়র সহকারি প্রধান (স্বাস্থ্য-৪)	সদস্য
১৬.	জনাবা ফাতেমা রহিম ভীনা, উপসচিব (প্রশাসন-৪) অধিশাখা	সদস্য সচিব

২। **সেলের কার্য পরিধি:**

২.১: সেলের দুই পদাধিকারী কর্মকর্তা পারস্পরিক সমঝোতার ভিত্তিতে 'Monitoring Pair' বা 'পরিবীক্ষণ জুটি' গঠনপূর্বক আকস্মিক পরিদর্শন কার্যক্রম গ্রহণ করবেন। তবে সময়ে সময়ে জুটি পরিবর্তন করা যেতে পারে এবং প্রয়োজনে এককভাবেও পরিদর্শন করা যেতে পারে।

২.২: জুটির অনুজ কর্মকর্তা অগ্রজ কর্মকর্তাকে প্রয়োজনীয় সহায়তাদান করবেনে এবং অগ্রজ কর্মকর্তা অনুজ কর্মকর্তাকে হাতে কলমে স্বাস্থ্য ব্যবস্থাপনায় মনিটরিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবেন।

২.৩: পরিদর্শনকালে পরিদর্শনকারী কর্মকর্তাগণকে একনজরে স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানের ব্যাহিক স্বাস্থ্য ব্যবস্থাপনা (সিটিজেন চার্টার/পরামর্শ সেবা তথ্য/ঔষধ সরবরাহের তথ্য বোর্ডে প্রদর্শন/নারী বান্ধব পরিবেশ/এপ্রোন পরিধান/ দালাল ও মেডিকেল রিপ্রেজেনটেটিভের তৎপরতা/বায়োমেট্রিক মেশিন ইত্যাদির ব্যবহার) মূল্যায়ন করতে হবে।

২.৪: প্রতিষ্ঠানটির স্বাস্থ্য সেবা সংক্রান্ত মৌলিক তথ্যাদি যেমন বহি:বিভাগ ও অন্ত:বিভাগে রোগী, জরুরি বিভাগের সেবা, মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা বিশেষত: স্বভাবিক প্রসব এবং সিজারিয়ান প্রসব সম্পর্কে তথ্যাদি পর্যালোচনা করতে হবে।

২.৫: পরিদর্শনকালে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের পরিস্কার-পরিচ্ছন্নতা, বর্জ্য ব্যবস্থাপনা, ডাক্তারসহ স্বাস্থ্য সেবা কর্মীর উপস্থিতি, ঔষধ ও পথ্য সরবরাহ, চিকিৎসা যন্ত্রপাতিসহ সরকারি সম্পত্তি রক্ষণাবেক্ষণ ইত্যাদি বিষয়ে অনুসন্ধানমূলক পর্যালোচনা করতে হবে।

২.৬: পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে স্বাস্থ্য ব্যবস্থাপনায় সরকারের দর্শন, মন্ত্রণালয়ের সম্পৃক্ত নির্দেশনা বিষয়ে উদ্বুদ্ধকরণ এবং সচেতনতামূলক পরামর্শ প্রদান করবেন। এছাড়া পরিদর্শনকারী কর্মকর্তাগণ প্রতিষ্ঠান পরিচালনা ও সেবাদান প্রক্রিয়ায় শুদ্ধাচার প্রতিষ্ঠা এবং নৈতিকতা প্রতিপালন বিষয়ে উদ্বুদ্ধকরণ পরামর্শ প্রদান করবেন।

২.৭: পরিদর্শনকারী কর্মকর্তাগণকে জেলা/উপজেলার রোগ মানচিত্র (ডিজিজ প্রোফাইল) জনস্বাস্থ্যের অবস্থান, স্বাস্থ্যসূচকের অগ্রগতি ইত্যাদি বিষয়ে পরীক্ষাপূর্বক মন্ত্রণালয়কে মতামত প্রদান করতে হবে।

২.৮: পরিদর্শনকারী কর্মকর্তাগণকে স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠানের সমস্যা ও চ্যালেঞ্জ সনাক্তকরণে সহায়তাদান ও উত্তরণে সুপারিশ দান করতে হবে এবং পরিদর্শন অভিজ্ঞতা নীতি নির্ধারণী কাজে সহায়তা প্রদান করবে।

২.৯: পরিদর্শনকালে প্রতিষ্ঠান ও ডাক্তারসহ স্বাস্থ্য সেবাকর্মীর উল্লেখযোগ্য সাফল্য ও কৃতিত্ব থাকলে তা সংগ্রহ করতে হবে।

৩। মন্ত্রণালয়ের কর্মকর্তা/পরিদর্শন জুটি কর্তৃক স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শনকালে প্রতিষ্ঠানকে গুরুত্বসহ পরিদর্শনের কাজে সহযোগিতা করতে হবে। এছাড়া পরিদর্শনের মৌখিক/লিখিত মূল্যায়নের প্রেক্ষিতে প্রথম সাত দিনের মধ্যে তাৎক্ষণিক গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বরাবর দাখিল করতে হবে।

৪। প্রতি সপ্তাহে মনিটরিং সেলের কর্মকর্তারা মনিটরিং সেলের প্রধানের সাথে অনানুষ্ঠানিক সভা অনুষ্ঠান করবেন এবং পরিদর্শনকৃত প্রতিষ্ঠান প্রধানকে প্রতি ৩ মাসে পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা ও সুপারিশ বাস্তবায়ন বিষয়ে আনুষ্ঠানিক সভা আয়োজন করতে হবে ।

৫। মনিটরিং সেলের কর্মকর্তাগণকে/পরিবীক্ষণ জুটিকে প্রতিমাসে অন্তত একটি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান পরিদর্শন করতে হবে।

৬। মনিটরিং সেল প্রয়োজনে সদস্য কো-অপ্ট/পরিবর্তন করতে পারবে। পরিদর্শনকাজে সক্ষমতা বৃদ্ধির জন্য ছয়মাস পর নতুন কর্মকর্তাদেরকে এই সেলে অন্তর্ভুক্তকরণের বিষয় বিবেচনা করতে হবে।

৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল এবং ইতোপূর্বে ২৬/১০/১৪ তারিখে জারিকৃত আদেশটি এতদ্বারা বাতিল করা হল।

ফাতেমা রহিম ভীনা
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৬২
ই-মেইল-monitor@mohfw.gov.bd

কার্যার্থে:

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক (স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর), ঢাকা।
৩। যুগ্মসচিব (নার্সিং/হাসপাতাল-১/পরিবার কল্যাণ-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। উপসচিব (পার-১/পার-২/প্রবা-৩/প্রশাসন-৩/হাসপাতাল-২/প্রশাসন-১), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (প্রবা-১/প্রশাসন-২/নার্সিং/হাস:-৩/স্বাস্থ্য-৪), স্বাপকম, ঢাকা।
৭। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার সেল, স্বাপকম, **(মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**

জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।